দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... ... ... ... ...
পৃষ্ঠা ২ কলাম ৪......



# ছাত্রীদের সাক্ষ্য নিতে শামসুন্নাহার হল খুলে দেয়ার জন্য তদন্ত কমিশন অনুরোধ জানাবে

ইত্তেফাক রিপোর্ট ঃ ছাত্রীদের সাক্ষ্য নিতে বিচার বিভাগীয় তদন্ত কমিশন ২/৩ দিনের জন্য শামসুন্নাহার হল খুলে দেয়ার জন্য

(২য় পৃষ্ঠায় ৪-এর কঃ দ্রঃ)

## ছাত্রীদের সাক্ষ্য নিতে

(প্রথম পৃষ্ঠার পর)

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে অনুরোধ জানাবে। এদিকে সাক্ষ্য দিতে ইচ্ছুক ছাত্র-ছাত্রীরা গতকাল ন্যাম ভবনে স্থাপিত তদন্ত কমিশনের কার্যালয়ে হাজির হয়ে নাম তালিকাভুক্ত করেছেন। জানা গেছে, বিচারপতি মোঃ তাফাজ্জুল ইসলাম ১ আগষ্ট থেকে কমিশনের কার্যালয়ে উপস্থিত হয়ে সাক্ষ্য গ্রহণ করবেন। আগামী ২/৩ আগষ্টের দিকে তার শামসুন্নাহার হল পরিদর্শনের সম্ভাবনা রয়েছে।

গত ২৩ জুন মধ্যরাতে পুলিশ ঢাকা বিশ্ববিদ্যালয়ের শামসুন্নাহার হলে হামলা চালায়। পরের দিনই প্রধানমন্ত্রী এ ঘটনা তদন্তে বিচার বিভাগীয় তদন্ত কমিশন গঠনের ঘোষণা দেন। প্রধানমন্ত্রীর ঘোষণার ৩ দিন পর গত ২৭ জুলাই স্বরাষ্ট্র মন্ত্রণালয় তদন্ত কমিশন গঠন করে। একদিন পর তদন্ত কমিশনের প্রধান বিচারপতি তাফাজ্জুল ইসলাম কমিশন গঠনের চিঠি পান। সঙ্গে সঙ্গে তিনি সংবাদ বিজ্ঞপ্তি দিয়ে ৩১ জুলাইয়ের মধ্যে সাক্ষ্য দিতে ইচ্ছুকদের নাম-ঠিকানা জানাতে অনুরোধ জানান। জানা গেছে কমিশনকে ৩টি বিষয়ে তদন্ত করে সরকারকে রিপোর্ট দিতে বলা হয়েছে। এগুলো হচ্ছেঃ কি পরিস্থিতিতে ঐ রাতে পুলিশকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শামসুন্নাহার হলে প্রবেশ করতে হয়েছিলো তা উদঘাটন; ঘটনার সাথে সম্পৃক্ত ব্যক্তিবর্গের কার্যক্রম আইনানুগ ছিলো কিনা তা অনুসন্ধান করে দায়-দায়িত্ব নির্ধারণ এবং প্রাসঙ্গিক বিষয়াদি সম্পর্কে মন্তব্য প্রদান। ২৭ জুলাই থেকে ৭ দিনের মধ্যে তদন্ত কমিশনকে রিপোর্ট দাখিল করতে বলা হয়েছে। কিন্তু কমিশন সূত্র জানিয়েছে ৭ দিনের মধ্যে রিপোর্ট দেয়া তাদের পক্ষে সম্ভব হবে না। এদিকে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের সচিবকে কমিশনের সাচিবিক দায়িত্ব পালনের জন্য নিযুক্ত করা হয়েছে। তাছাড়া উপসচিব আবদুর রাজ্জাক ও সিনিয়র সহকারী সচিব রীনা পারভীন দাপ্তরিক কাজে সহায়তা প্রদান করবেন।